MAR. 08 2002
তারিখ ... পৃষ্ঠা ... কলাম ...

লাকসাম, চট্টগ্রাম থেকে আনা কাঠের ক্ষেত্রে ট্রেনের ব্যবহার বেশি হয়। আর খুলনা, বরিশাল অঞ্চলের কাঠগুলো আনতে কার্গো, ট্রলার ও লঞ্চ ব্যবহার করা হয়।

চোরাই কাঠের একটা বড় অংশ চাঁদপুর শহরে চলে আসে। বাবুরহাট, [illegible] সমঝোতার ভিত্তিতে নির্দ্বিধায় এসব কাঠ আনা হচ্ছে। কোন কারণে যদি দু' একটি কেস ধরাও হয় টাকা-পয়সা খেয়ে সেই কেস এমন দুর্বলভাবে সাজানো হয় বা এমনভাবে রিপোর্ট তৈরি করা হয়, যা আদালতে টিকে না।

চাটখিলে বিএনপি নেতার রামরাজত্ব কায়েম

তার নিপীড়নের হাত থেকে রেহাই পাচ্ছে না নিজ দলের লোকজনও

নোয়াখালী থেকে সংবাদদাতা ঃ চাটখিল পৌর বিএনপির আহ্বায়ক মোহাম্মদ আলী তপাদার তার কথিত উচ্চ পদস্থ আত্মীয়-স্বজনের নাম ভাঙিয়ে চাটখিলে রীতিমত রামরাজত্বের কায়েম করেছে। চাঁদাবাজি, সরকারি জায়গা দখল, অফিস-আদালতে গিয়ে সন্ত্রাসী কর্মকাণ্ড পরিচালনা, কর্মকর্তা-কর্মচারীদের শাস্তিমূলক বদলির হুমকি, কথিত সালিসীর নামে অবৈধভাবে অর্থ আদায় করে আত্মসাৎ, নিরীহ জনসাধারণ এবং বিভিন্ন প্রতিষ্ঠান ও ব্যক্তিবর্গের নামে ভুয়া অভিযোগ এনে হয়রানি করাসহ বিভিন্ন অপকর্ম দাপটের সাথে চালিয়ে যাচ্ছে। এ সব হয়রানি থেকে রেহাই পাচ্ছে না খোদ সরকারি দলের লোকজনও।

জোট সরকার ক্ষমতা গ্রহণের পর মোহাম্মদ আলী তপাদারের বিরুদ্ধে বিএনপি চাটখিল শাখা ও পৌর শাখার প্যাডে তার কথিত আত্মীয় সরকারি উচ্চ পদস্থ কর্মকর্তা ও কতিপয় সচিবের নাম লিখে নিজে স্বাক্ষর করে স্থানীয় অফিস-আদালতে কর্মচারীদের উপর প্রভাব খাটিয়ে নিজের স্বার্থ সিদ্ধির অপচেষ্টা চালাবার অভিযোগ পাওয়া গেছে। এমনকি তার ইচ্ছা মাফিক কাজ করতে অপারগতা জানালে কর্মকর্তাদের গালি-গালাজসহ শাস্তিমূলক বদলি করারও হুমকি দিচ্ছে বলে জানা যায়।

চাটখিল সড়ক ও জনপথ অফিসের পশ্চিম পাশ থেকে থানা রোড পর্যন্ত প্রায় [illegible] হয়নি। সরকার পরিবর্তনের পর মোহাম্মদ আলী তপাদার প্রভাব খাটিয়ে সে জায়গা অবৈধভাবে দখল করে নিয়েছে। এছাড়াও সে বিভিন্ন সময়ে বিভিন্ন অফিসের কর্মকর্তাদের সিলমোহর জাল করে আসছে। গত তিন-চার বছর আগে উপজেলা নির্বাহী কর্মকর্তার সিলমোহর ও স্বাক্ষর জাল করার কারণে তার বিরুদ্ধে জালিয়াতির মামলা হয়। যা তখন বিভিন্ন পত্র-পত্রিকায় প্রকাশিত হয়েছিল।

জানা যায়, মোহাম্মদ আলী তপাদারের এ সব অপকর্মের কারণে দলের ভাবমূর্তি ক্ষুণ্ন হওয়ায় স্থানীয় বিএনপির এক অংশ ক্ষুব্ধ, কিন্তু প্রতিবাদ করার সাহস পাচ্ছে না।

খুলনায় গোলটেবিল বৈঠক অনুষ্ঠিত

খুলনা থেকে নিজস্ব বার্তা পরিবেশক ঃ বাংলাদেশ পরিবেশ আইনজীবী সমিতি আয়োজিত এক গোলটেবিল বৈঠকে খুলনা মহানগরীতে সুপেয় পানি সংকটের জন্য জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর এবং ইউনিসেফের অদূরদর্শী নীতিকে দায়ী করা হয়েছে।

গত সোমবার স্থানীয় বিএমএ মিলনায়তনে বাংলাদেশ পরিবেশ আইনজীবী সমিতি (বেলা) আয়োজিত এ গোলটেবিল বৈঠকে সভাপতিত্ব করেন অধ্যক্ষ ওয়াহিদুর রহমান। অন্যদের [illegible]

পড়ে। এছাড়া, পোকা-মাকড় বা রোগ-বালাইয়ের আক্রমণের কারণেও ফল ঝরে পড়তে পারে। কাঁঠালের ফল ছিদ্রকারী পোকারা ফলের গায়ে ছিদ্র করে ঢুকে পড়ে, এর ফলে কচি ফল নষ্ট হয়ে ঝরে পড়ে। আবার কচি অবস্থায় ফলে বা মুচিতে রোগের আক্রমণও হয়ে থাকে। ফলে কচি মুচি ঝরে পড়ে। কোন কোন সময় সেচের অভাবেও গাছের মুচি ঝরে যায়। পরাগায়ন না হলেও ফুল ঝরে পড়ে।

পুষ্প মঞ্জরি পচন রোগে আক্রান্ত হলে কচি স্ত্রী ও পুরুষ ফল পচে গিয়ে ঝরে পড়ে।

প্রতিকার ঃ ফুল ও ফল ধরার আগ মুহূর্তে গাছে সার প্রয়োগ করতে হয়। গাছ প্রতি গোবর ৮০-১০০ কেজি, ইউরিয়া ৫০০ গ্রাম, টিএসপি ৮০০ গ্রাম এবং পটাশ ৮০০ গ্রাম হারে প্রয়োগ করলে গাছে ফল ধরা বৃদ্ধি পায়। গাছের গোড়া থেকে ৫০ সেঃ মিঃ দূরত্বে চার দিকে দুপুরে যতটা জায়গায় ছায়া পড়ে ততদূর কুপিয়ে ভালভাবে সার মিশিয়ে দিতে হবে এবং সার প্রয়োগের ৩/৪ দিন পর সেচ দিতে হবে।

গাছে রসের অভাব হলে রিং পদ্ধতিতে ড্রেন করে সেচ দিতে হয়। লক্ষনীয় যে, অনেক সময় প্রথম ২/১ বছর ফল ধরে না, কারণ ওই সময় শুধু পুরুষ ফুল আসে।

পোকামাকড় ও রোগ-বালাইয়ের কারণে ফল না টিকলে পোকা মাকড়ের প্রতিকারে কীটনাশক এবং রোগের কারণে বোর্দো মিকচার অথবা ডাইথেন এম-৪৫ প্রয়োগ করা যায়।

—চাষী ভাই

ভেজাল ইঞ্জিন অয়েলে সয়লাব মাগুরার বাজার ॥ যানবাহন ও ইঞ্জিন মালিকরা ভীষণ বিপাকে

মাগুরা থেকে মিহির লাল কুরি ঃ মাগুরা জেলার সর্বত্র অবাধে ভেজাল ইঞ্জিন অয়েল (মোবিল) বিক্রি হচ্ছে। বিভিন্ন যানবাহন ও শ্যালো ইঞ্জিন এই ভেজাল ইঞ্জিন অয়েল লুব্রিক্যান্ট ও জ্বালানি হিসেবে ব্যবহৃত হচ্ছে। ফলে এসব যানবাহন ও ইঞ্জিন থেকে নির্গত কালো ধোঁয়ায় পরিবেশ দূষণের পাশাপাশি বাড়ছে বাতাসে সীসার পরিমাণ ও ঘনত্ব। এখনই এ ব্যাপারে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ না করা হলে জনস্বাস্থ্যের জন্য ভয়াবহ বিপর্যয় ঘনিয়ে আসতে পারে বলে মত প্রকাশ করেছেন পরিবেশ বিশেষজ্ঞ মহল।

তথ্যানুসন্ধানে জানা গেছে, মোবিল ব্র্যান্ডের এক ব্যারেল (২০৫ লিটার) ইঞ্জিন অয়েলের পাইকারি বাজার মূল্য [illegible] যশোরের কিছু অসাধু ব্যবসায়ী মংলা বন্দরে পরিত্যক্ত জাহাজ, রেলওয়ে লোকোসেড ও বিভিন্ন পরিবহন কোম্পানির বাতিল করা পোড়া মোবিল সংগ্রহ করে বিশেষ পদ্ধতিতে সোডার সঙ্গে জ্বালিয়ে পোড়া মোবিলের রং সাদা করার পর ক্ষতিকর কেমিক্যালস ও সস্তা দামের বেজ অয়েল মিশিয়ে বিভিন্ন ব্র্যান্ডের খালি ড্রামে ভর্তি করে বাজারে ছাড়ছে। যশোর থেকে রিকশা-ভ্যানে করে তা পৌঁছে দেয়া হচ্ছে বিভিন্ন পেট্রোল পাম্প ও মফস্বলের হাট-বাজারে।

দাম কম হওয়ায় বেবিট্যাক্সি, নছিমন, মোটর সাইকেল ও অন্যান্য যানবাহন বিশেষ করে শ্যালো ইঞ্জিনে ব্যাপকভাবে ব্যবহৃত হচ্ছে এই সকল ও ভেজাল

স্ব-স্ব দায়িত্ব পালন করতে হবে। দাউদকান্দি উপজেলা সমন্বয় কমিটির সভায় ইউপি চেয়ারম্যান ও সরকারি কর্মকর্তা-কর্মচারীদের উদ্দেশে তিনি গত ৫ই মার্চ একথা বলেন।

ড. খন্দকার মোশাররফ হোসেন আরো বলেন, শাসক নয়, আপনাদেরকে সেবক হিসেবে জনগণের কল্যাণে এগিয়ে আসতে হবে। দাঁড়াতে হবে দুস্থ মানুষের পাশে। বর্তমান বিএনপি সরকার দুর্নীতি ও সন্ত্রাসমুক্ত গতিশীল প্রশাসন গঠনের মাধ্যমে সুখী-সমৃদ্ধ সমাজ গঠনে বদ্ধপরিকর। স্বাস্থ্যমন্ত্রী পরিশেষে বলেন, স্থানীয় প্রশাসনের কর্মকর্তাদের কাজের স্বচ্ছতা এবং নিরপেক্ষতা খুবই জরুরি।

নান্দাইলে ৬ বছরের শিশু ধর্ষিত

নান্দাইল (ময়মনসিংহ) থেকে সংবাদদাতা ঃ ময়মনসিংহের নান্দাইলের পল্লীতে গত ৪ঠা মার্চ সকালে নিজ বাড়িতে ৬ বছরের এক শিশু ধর্ষিত হয়েছে। রক্তাক্ত অবস্থায় তাকে হাসপাতালে ভর্তি করা হয়েছে।

জানা গেছে, উপজেলার বালিয়াপাড়া গ্রামের আবদুল মতিনের একমাত্র কন্যা ঘরের সামনে উঠোনে সাথীদের নিয়ে খেলছিল। এমন সময় পাশের ঘরের হারেছ মিয়ার ছেলে সোহেল (১৮) রুটি খেতে দেয়ার লোভ দেখিয়ে তার নিজের ঘরে নিয়ে দরজা বন্ধ করে তাকে উপর্যুপরি ধর্ষণ করে। শিশুটির চিৎকার শুনে তার মা ঘরে ঢুকে রক্তাক্ত অবস্থায় মেয়েকে উদ্ধার করে হাসপাতালে নিয়ে যায়। বর্তমানে তার অবস্থা আশঙ্কাজনক। এ রিপোর্ট লেখা পর্যন্ত শিশুটিকে কোলে নিয়ে মা জ্যোৎস্না বেগম থানার সামনে বসে ছিলেন মামলার অপেক্ষায়। অথচ পুলিশ নির্বিকার।

সাংবাদিক হত্যার প্রতিবাদে সভা

খুলনায় সাংবাদিক হারুন-অর-রশিদ হত্যার প্রতিবাদে গত ৫ই মার্চ নান্দাইল শহরে এক মৌন মিছিল ও সভা অনুষ্ঠিত হয়। সভায় আসামিদের গ্রেফতার করে

শীর্ষ খবর

আন্তর্জাতিক স্বীকৃতি পেল

৮ই মার্চ আন্তর্জাতিক নারী দিবস- সারা দুনিয়ার নারী সমাজের তথা মানবজাতির জন্য একটি অনুপ্রেরণার উৎস। আজ থেকে প্রায় শতবর্ষ আগে সমাজতন্ত্রী নারীর অধিকার প্রতিষ্ঠার সংগ্রামের মাধ্যমে ৮ই মার্চ দিবসের সূচনা হয়। কালক্রমে এই ৮ই মার্চ আজ আন্তর্জাতিক নারী দিবস হিসেবে জাতীয় ও আন্তর্জাতিকভাবে স্বীকৃতি লাভ করে। উত্তরকালীন সংগ্রামী প্রেরণায় ৮ই মার্চ এখন নারী মুক্তির

২০০১ ঃ মোট ৩ হাজার ১৮ জন নারী নির্যাতনের শিকার হয়েছে। ৪ হাজার ৫৮, ৯ জন নারী ধর্ষিত হয়েছে। ১৮, ৪১ জন নারী গণধর্ষণের শিকার হয়, ধর্ষণের পর ৭১ জনকে হত্যা করা হয়, অ্যাসিডদগ্ধ হয় ১৮, ৮৩ জন নারী, অপ্রীতিকর ২২ জন নারী, যৌতুকের শিকার ৩৯ জন, অপহৃত হয় ২৭, ৪৪ [illegible]